উমার ইবনুল খাত্তাব নারীকে অকালে গর্ভপাত করানো সম্পর্কে মানুষের কাছে পরামর্শ চাইলেন।

উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নারীকে অকালে গর্ভপাত
করানো সম্পর্কে মানুষের কাছে পরামর্শ চাইলেন। তখন মুগীরাহ ইবন শু‘বা বললেন, এ বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি গোলাম অথবা একটি বাঁদি দ্বারা ফায়সালা করার সময় আমি উপস্থিত ছিলাম। তখন সে বলল, তোমার সাথে আরও যারা উপস্থিত ছিল তাদের নিয়ে আসো। তখন তার সাথে মুহাম্মাদ ইবন মাসলামহ সাক্ষী দিলেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একজন মহিলার ওপর নির্যাতন করার ফলে সে নিজের গর্ভের সন্তান প্রসবের সময় আসার আগেই মৃত অবস্থায় প্রসব করে। ন্যায় পরায়ণ খলীফা উমার ইবনুল খাত্তাব তার যাবতীয় কর্মে ও বিচার কার্যে সিদ্ধান্ত নিতে সাহাবীগণ ও উলমাদের পরামর্শ গ্রহণ করতেন। এ মহিলাটি যেহেতু তার গর্ভজাত সন্তানকে অসম্পূর্ণ অবস্থায় মৃত গর্ভপাত করল তার দিয়্যতের বিধানটি তার কাছে অস্পষ্ট রইল। তাই তিনি সাহাবীগণের পরামর্শ নিলেন। তখন মুগীরাহ ইবন শু‘বা রাদিয়াল্লাহ ‘আনহু সংবাদ দেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গর্ভজাত সন্তানের দিয়ত একটি গোলাম অথবা একটি বাঁদি দ্বারা ফায়সালা করেন। তারপর উমার রাদিয়াল্লাহু ‘আনহু এ হুকুমটি সম্পর্কে নিশ্চিত হইতে চাইলেন যা কিয়ামত পর্যন্তের জন্য একটি সামগ্রিক আইনে পরিণত হবে। তখন তিনি মুগীরাহকে তাগীদ দিলেন যেন সে তার কথার সত্যতার ওপর ও তার বর্ণনার বিশুদ্ধতার ওপর সাক্ষী উপস্থিত করে। তখন মুহাম্মাদ ইবন মুসলামাহ আল-আনসারী সে যা বলেছে তার সত্যতার ওপর সাক্ষ্য প্রদান করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/2937